

ফাতওয়া নাম্বার: ৩৬৬

প্রকাশকাল: ০৩-০৪-২০২৩ ইং

## দুই দেশের মুদ্রা বিনিময় করা কি বৈধ?

### প্রশ্ন:

আমার এক ভাই বিদেশি মুদ্রা (ডলার, রিয়াল ইত্যাদি) কিনে মজুদ করে রাখেন। পরে যখন দাম বাড়ে, বিক্রি করে দেন। আমার জানার বিষয় হলো, এভাবে মুদ্রা কেনা-বেচা করা কি জায়েয আছে?

-উসমান

### উত্তর:

জি, এভাবে দুই দেশের মুদ্রা কেনা-বেচা করা জায়েয আছে। শর্ত হল, একই মজলিসে যে কোনও এক প্রকার মুদ্রা প্রাপককে হস্তান্তর করতে হবে।-মুসান্নাফ আব্দুর রাযযাক: ৮/৯০ (আল-মাকতাবুল ইসলামী, বৈরুত); ফাতাওয়া উসমানী: ৩/১৪৮ (যাকারিয়া বুক ডিপো, দেওবন্দ); ফিকছল বুযু: ২/৭৬৩-৭৬৫ (দারুল কলম, দিমাশক); আহসানুল ফাতাওয়া: ৭/৭৭-৮০ (আল-মাকতাবাতুল আশরাফিয়া, দেওবন্দ); কিতাবুন নাওয়ায়েল: ১১/৮৯ (আল-মারকাযুল ইলমী, মুরাদাবাদ)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৭-৭-৪৪

০৯-২-২৩

